



পামরি পোকা

পোকা মার ফসলে গোলা ভর

পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক পামরি পোকার গায়ের রঙ চকচকে কালো এবং পিঠের উপর অসংখ্য কঁটা আছে। সারা দেহ ছোট ছোট কঁটায় আবৃত।

শ্রী পোকা পাতার পিঠে একটা করে ডিম পাড়ে। এক থেকে তিন দিনে ডিম থেকে কীড়া বের হয়। কীড়াগুলো পাতার দুই পর্দার ভিতর সুরঙ্গ করে খায় এবং এখানেই ৯-১৩ দিনের মধ্যে পুত্তলীতে পরিণত হয়। তিন-চার দিন পর পুত্তলী পূর্ণবয়স্ক পোকায় পরিণত হয়।



পূর্ণবয়স্ক পামরি পোকা

ক্ষতি

- ▶ পূর্ণবয়স্ক পোকা এবং কীড়া উভয়ই ধান গাছে আক্রমণ করে।
- ▶ পূর্ণবয়স্ক পোকা ধানের পাতার উপর সমান্তরাল দাগ করে সবুজ অংশ খেয়ে ফেলে।
- ▶ কীড়া পাতার দুটি স্তরের ভিতরে সুরঙ্গ করে খায়।
- ▶ পূর্ণবয়স্ক পোকা অনেক দূর পর্যন্ত উড়তে পারে; ফলে এক এলাকা থেকে অন্য এলাকায় গিয়ে ধানের ক্ষতি করতে পারে।
- ▶ আমন ধান কাটার পর মুড়ি ফসল বা জলাশয়ের উভিদে পামরি পোকা আশ্রয় নেয় এবং বোরো ফসলে পোকার প্রাথমিক আক্রমণ শুরু হয়।



পূর্ণবয়স্ক পোকার আক্রমণ



কীড়ার আক্রমণ

দমন ব্যবস্থাপনা

- ▶ প্রতিরোধশীল জাত, যেমন বিআর১৪ (বোরো), বিআর২৫, বি ধান২৭ (আমন)-এর চাষ করা।
- ▶ হাতজালের সাহায্যে পূর্ণবয়স্ক পোকা ধরে মেরে ফেলা।
- ▶ আক্রান্ত পাতার গোড়া থেকে তিন সেন্টিমিটার উপরে পাতা কেটে নষ্ট করে ফেলা। তবে কাইচথোড় আসার পর পাতা কাটলে ফলনের ক্ষতি হবে।
- ▶ প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা। (এক্ষেত্রে শতকরা ৩৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে অথবা প্রতি গোছা ধানগাছে ৪টি পূর্ণবয়স্ক পোকা থাকলেই কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষনা), বি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd

অধিবেশন ১: মডিউল ৯
ফ্যাট শীট ৫